

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮৪

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৫. তৃতীয় অনুচ্ছেদ - কিতাব ও সুন্নাহকে সুদৃঢ়ভাবে আঁকড়ে ধরা

باب الاعتصام بالكتاب والسنة _ الفصل الثالث

আরবী

عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ﴿إِنَّ الشَّيْطَانَ ذِبُّبُ الْإِنْسَانِ كَذِبُّبِ الْغَنَمِ يَأْخُذُ الشَّاذَّةَ وَالْقَاصِيَةَ وَالنَّاحِيَةَ وَإِيَاكُمْ وَالشِّعَابَ وَعَلَيْكُمْ بِالْجَمَاعَةِ وَالْعَامَّةِ» . رَوَاهُ أَحْمد

বাংলা

১৮৪-[৪৫] মু'আয ইবনু জাবাল (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মেষপালের ক্ষেত্রে নেকড়ে বাঘের ন্যায় শায়ত্বন (শয়তান) মানুষের জন্য নেকড়ে বাঘ। পালের যে মেষটি দল হতে আলাদা হয়ে যায় অথবা যেটি খাবারের সন্ধানে দূরে সরে পড়ে অথবা যেটি অলসতাবশত এক কিনারায় পড়ে থাকে, নেকড়ে সেটিকে শিকার করে নিয়ে যায়। সুতরাং সাবধান! তোমরা কক্ষনও (দল ছেড়ে) গিরিপথে চলে যাবে না, আর জামা'আতবদ্ধ হয়ে (মুসলিম) জনগণের সাথে থাকবে। (আহমাদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আহমাদ ২১৬০২, সিলসিলাহ্ আয্ য'ঈফাহ্ ৩০১৬। কারণ দু'টি। প্রথমত এর সানাদে একজন বেনামী রাবী রয়েছেন। আর 'উমার ইবনু ইব্রাহীম ক্লাতাদাহ্ থেকে বর্ণনার ক্ষেত্রে দুর্বল যা এ সানাদে বিদ্যমান। ইমাম আহমাদ (রহঃ) তাঁর মুসনাদের ৫/২৪৩ নং এ হাদীসটি দুর্বল সানাদে বর্ণনা করেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: শায়ত্বন (শয়তান) মানুষের জন্য নেকড়ে স্বরূপ। জামা'আত পরিত্যাগ করা, বড় দল থেকে বিচ্ছিন্ন হওয়া এবং তাদের সঙ্গ ছেড়ে দেয়া, শায়ত্বনের (শয়তানের) আধিপত্য বিস্তার এবং পথভ্রস্ত করার সহায়ক। একাকি অবস্থানকারী, দল বিচ্ছিন্ন এবং একপ্রান্তে পড়ে থাকা বকরীকে নেকড়ে ছিনিয়ে নিয়ে যায়। তাই হাদীসের শেষে জামা'আতবদ্ধ জীবন-যাপন করা এবং মুসলিমদের দল থেকে বিচ্ছিন্ন না হওয়ার ব্যাপারে সতর্ক করা হয়েছে।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন